Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 28 March, 2025

মিয়ানমারে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ২০ জন নিহত ও ২০০ জন আহত হয়েছেন।প্রতিবেশী থাইল্যান্ডে নিহত হয়েছেন অন্তত তিনজন। দেশটির রাজধানী ব্যাংককে নির্মাণাধীন ৩০তলা একটি ভবন ধসে গেছে।ভবনে কর্মরত ৪৩ জন শ্রমিক নিখোঁজ রয়েছেন।

যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের তথ্যমতে, স্থানীয় সময় শুক্রবার ১২টা ৫০ মিনিটে মিয়ানমারের মধ্যাঞ্চলীয় শহর মান্দালয়ের কাছে ৭ দশমিক ৭ তীব্রতার ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল।প্রায় ১১ মিনিট পর ৬ দশমিক ৪ মাত্রার ভূমিকম্প-পরবর্তী কম্পন অনুভূত হয়।প্রতিবেশী বাংলাদেশ, ভারত, থাইল্যান্ড, চীন ও ভিয়েতনামেও ভূমিকম্প অনুভূত হয়েছে।৭ দশমিক ৭ তীব্রতার ভূমিকম্পকে শক্তিশালী বলে ধরা হয়।এটার উৎপত্তিস্থল মাটির প্রায় ছয় মাইল গভীরে।কম গভীরতায় হওয়ায় কম্পন ভয়াবহভাবে অনুভূত হয়েছে।খবর নিউইয়র্ক টাইমসের।

মিয়ানমারের ক্ষমতাসীন সামরিক বাহিনী বিভিন্ন অঞ্চলে জরুরি অবস্থা ঘোষণা করেছে।সরকারের পক্ষ থেকে টেলিগ্রাম মেসেজিং অ্যাপে বলা হয়েছে, পরিস্থিতি সম্পর্কে দ্রুত অনুসন্ধান এবং মানবিক সহায়তা প্রদানের পাশাপাশি উদ্ধার অভিযান পরিচালনা করা হবে।

ভূমিকম্পে কতটা ক্ষতি হয়েছে মিয়ানমারে তার সঠিক কোনো তথ্য দেয়নি।বড় ধরনের ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।দেশটিতে চলমান রাজনৈতিক অস্থিরতার কারণে সঠিক তথ্য সংগ্রহ করাও কঠিন হয়ে পড়েছে।দেশটির অগ্নিনির্বাপণ বিভাগের একজন কর্মকর্তা রয়টার্সকে বলেন, 'আমরা হতাহত এবং ক্ষয়ক্ষতির খোঁজে ইয়াঙ্গুনে অনুসন্ধান শুরু করেছি।ঘুরে ঘুরে দেখছি।এখনও পর্যন্ত আমাদের কাছে কোনো তথ্য নেই।'

মান্দালয় শহরে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া পোস্টগুলোতে ধসে পড়া ভবন এবং শহরের রাস্তায় ছড়িয়ে ছিটিয়ে থাকা ধ্বংসাবশেষ দেখা গেছে।রয়টার্স তাৎক্ষণিকভাবে পোস্টগুলো যাচাই করতে পারেনি।

প্রত্যক্ষদর্শীরা জানান, মান্দালয়ে একাধিক ভবন ধসে পড়েছে।মান্দালয়ের তিন বাসিন্দা রয়টার্সকে জানিয়েছেন, ভূমিকম্প আঘাত হানার সময় রাস্তায় লোকজন ছুটে আসার সঙ্গে সঙ্গে তারা বেশ কয়েকটি ভবন ধসে পড়তে দেখেছেন।ফয়েজ নামে একজন বাসিন্দা জানান ভূমিকম্পের সময় তিনি একটি মসজিদে নামাজ পড়ছিলেন।তিনি বলেন, আমি নামাজ পড়ার জন্য হাত পরিষ্কার করার সময় কাঁপতে শুরু করে।আমরা সবাই মসজিদ থেকে বেরিয়ে আসি। আরেক বাসিন্দা হেত নাইং বলেন, রাস্তার পাশে তার একটি চায়ের দোকান ধসে পড়েছে।লোকজন ভেতরে আটকা পড়ে।আমরা ভেতরে যেতে পারিনি।পরিস্থিতি খুবই খারাপ।

মিয়ানমার ভূমিকম্প নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/public/international/775807141